

ঝিকরগাছা উপজেলা পরিষদ
ঝিকরগাছা, যশোর

স্মারক নং: ৪৪.০৩.৪১২৩.০০৭.০৮.২৩.২৫-৭১

তারিখ: ৮ ই দৈশাখ ১৪৩২ ব.
১১ এপ্রিল ২০২৫ খ্রি.

উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরণী:

সভার তারিখ : ২১.০৪.২০২৫ খ্রি.
সময় : দুপুর ২.৩০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, ঝিকরগাছা, যশোর
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী আলোচনাপূর্বক কোনবুণ সংশোধনী না থাকায় তা নিশ্চিত বরা হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনার সারসংক্ষেপ	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষা সংক্রান্ত:	অপরাধ বিবরণী পর্যালোচনায় অফিসার ইনচার্জ জানান ঝিকরগাছা উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল আইন-শৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে। অপরাধের স্থানসমূহ চিহ্নিত করতে হবে। তাছাড়া প্রয়োজনে বিভিন্ন স্থানে পুলিশ টহল জোরদার করতে হবে। এছাড়াও খুন, চাঁদাবাজি, চুরি-ডাকাতি ও ছিনতাই বন্ধসহ কোন অভিযোগের সুনির্দিষ্টতা থাকলে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। কিশোরগ্যাং প্রতিরোধে স্কুল কলেজে অভিভাবক সমাবেশের আয়োজন করতে হবে। নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখাসহ পণ্যের সরবরাহ ও যোগান অব্যাহত রাখার জন্য ব্যবসায়ীদের সিডিকেট সৃষ্টির প্রচেষ্টা রোধকল্পে বাজার মনিটরিং জোরদার করতে হবে। বিশেষ করে সরকার নির্ধারিত হারে দ্রব্যসামগ্রী বিক্রয় হচ্ছে কিনা তা তদারকি করতে হবে।	১। সার্বক্ষণিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে আইন-শৃঙ্খলার সাথে সংশ্লিষ্ট সবাই তৎপর থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। কিশোর গ্যাং প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টি করে সংশ্লিষ্ট সকলের মাধ্যমে তাদের মা, বাবাবা অভিভাবকদের অবহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এন্ড্রিকিউটিভ ম্যাজিস্ট্রেট ঝিকরগাছা, যশোর। ২. অফিসার-ইন-চার্জ, ঝিকরগাছা থানা ৩. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।

		সড়ক দুর্ঘটনার স্থানসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। একই সাথে রাস্তায় ফিটনেস ও লাইসেন্স বিহীন যানাহন চলাচল বন্ধের আইনগত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। অপ্রাপ্ত বয়স্ক ছেলেরা বেপরোয়াভাবে মোটরসাইকেল চালানোর ফলে প্রায়শ অনাকাঙ্ক্ষিত সড়ক দুর্ঘটনা ঘটেছে। ফলে সর্বসাধারণের আতঙ্ক দূর করাসহ সড়ক দুর্ঘটনা প্রতিরোধ অভিযান পরিচালনা করতে হবে। তিনি উপজেলার আইন শৃঙ্খলা রক্ষার নিমিত্তে সংশ্লিষ্টদের সহযোগিতা কামনা করেন।		
২	ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা রক্ষা সংক্রান্ত	উপজেলা নির্বাহী কর্মকর্তা সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সভাপতিত্বে নিজ নিজ ইউনিয়ন পরিষদে প্রতিমাসে নির্ধারিত তারিখে ইউনিয়ন পরিষদের মাসিক আইন শৃঙ্খলা সভা করে তার কার্যবিবরণী আবশ্যিকভাবে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করেন।	ইউনিয়ন পরিষদের মাসিক আইন শৃঙ্খলা সভা করে তার কার্যবিবরণী আবশ্যিকভাবে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ ও আইন শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। অফিসার-ইন-চার্জ, ঝিকরগাছা থানা ২। চেয়ারম্যান/প্রশাসক (সকল), ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর
	<u>বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতনসহ মানব পাচার রোধ:</u>	উপজেলায় বাল্য বিবাহ বন্ধের জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বাল্য বিবাহের সাথে জড়িত কাজীদের শাস্তির আওতায় আনা হয়েছে। বাল্যবিবাহ প্রতিরোধ করার জন্য স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষক ও অভিভাবকদের সচেতনমূলক সভা করাসহ উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন রোধে গঠিত কমিটিগুলোকে আরও বেশি তৎপর হতে হবে।	প্রতি শুক্রবারে জুম্মার নামাজের খুৎবাতে ইমাম সাহেবগণ আবশ্যিকভাবে বাল্য বিবাহ, যৌতুক, মাদক-জুয়া, সন্ত্রাস ও জঙ্গিবাদের কুফল সম্পর্কে আলোচনা করবেন	১। অফিসার-ইন-চার্জ, ঝিকরগাছা থানা ২। চেয়ারম্যান/প্রশাসক (সকল), ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর ৩। মহিলা বিষয়ক কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ডুপালী সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ঝিকরগাছা, যশোর।

ও
সভাপতি

উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি।

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, ঝিকরগাছা, যশোর।
- ২। প্রশাসক, ঝিকরগাছা পৌরসভা, যশোর।
- ৩। অফিসার ইন-চার্জ, ঝিকরগাছা থানা/ নাভারণ হাইওয়ে থানা, ঝিকরগাছা, যশোর।
- ৪। উপজেলা..... অফিসার, ঝিকরগাছা, যশোর।
- ৫। প্রশাসক/চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা..... (সকল) ইউনিয়ন
পরিষদ, ঝিকরগাছা, যশোর
- ৬। অফিস কপি।



মো: আব্দুল খালেক
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
ঝিকরগাছা, যশোর।
ও
সদস্য সচিব
উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি